9 FEB 2017

# নেত্রকোনায় প্রধান ও সহকারী শিক্ষকের ৮৫৪ পদ শূন্য

■ নেত্রকোনা প্রতিনিধি

নেত্রকোনা জেলার ১০ উপজেলায় পুরাতন এবং সদ্য জাতীয়করণ সরকারি প্রাথমিক বিদ্যালয়গুলোর ৮৫৪টিতে প্রধান শিক্ষক এবং সহকারী শিক্ষকের পদ শূন্য রয়েছে। এরমধ্যে প্রধান শিক্ষকের ৫২৫ এবং সহকারী শিক্ষকের পদ ৩২৯। এতে বিদ্যালয়ের প্রশাসনিক কাজ ছাড়াও লেখাপড়া বিঘ্নিত হচ্ছে।

জেলা প্রাথমিক শিক্ষা অফিস সূত্রে জানা গেছে, পুরাতন ও সদ্য জাতীয়করণ প্রাথমিক বিদ্যালয়সমূহের মধ্যে নেত্রকোনা সদর উপজেলায় প্রধান শিক্ষকের পদ শূন্য রয়েছে ৪৯টি, পূর্বধলায় ৪৮টি, দুর্গাপুরে ৩৬টি, কলমাকান্দায় ৭৩টি, মোহনগঞ্জে ১০টি, বারহাট্টায় ৪০টি, আটপাড়ায় ৩৬টি, কেন্দুয়ায় ৫৮টি, মদনে ৩৮টি এবং খালিয়াজুরীতে ২৮টি। অপরদিকে সহকারী শিক্ষকের পদ শূন্য রয়েছে সদরে ১৬টি, পূর্বধলায় ১৭টি, দুর্গাপুরে ৪৫টি, কলমাকান্দায় ৬৮টি, মোহনগঞ্জে ১৬টি, বারহাট্টায় ২০টি, আটপাড়ায় ১৮টি, কেন্দুয়ায় ৫৫টি, মদনে ২৯টি এবং খালিয়াজুরীতে ৪৫টি। প্রধান শিক্ষকের পদটি দ্বিতীয় শ্রেণিভুক্ত করায় নতুন করে প্রধান শিক্ষক নিয়োগ গত কয়েক বছর যাবত বন্ধ রয়েছে। তাই এ পদে কাউকে পদায়ন করা সম্ভব হচ্ছে না বলে জেলা প্রাথমিক শিক্ষা অফিসার একেএম রিয়াজউদ্দিন জানান। তিনি বলেন, সহকারী শিক্ষক কম থাকায় কোনো কোনো বিদ্যালয়ে সহকারী শিক্ষা কর্মকর্তারা ক্লাস নিতে বাধ্য হচ্ছেন। তবে সহকারী শিক্ষক পদে এর মধ্যে কিছু নিয়োগ দেয়ায় সমস্যা কিছুটা দূর হবে বলে তিনি উল্লেখ করেন।